নেত্রকোণা সদর উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৬.১২.২০২৩
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভা নং : ৫৫

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ঃ

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব তানিয়া তাবাসসুম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং গত মাসের খাদ্য বিভাগের আলোচনায় আংশিক সংশোধনক্রমেউক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

<table>
<tr><th>ক্র নং</th><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>প্রকৌশল বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী এর প্রতিনিধি সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত চূড়ান্ত প্রকল্প বিধি মোতাবেক বাস্তবায়নের জন্য প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে।<br>তিনি আরো জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে অবকাঠামো উন্নয়নের জন্য অতিরিক্ত ১০,০০০০.০০ (দশ লক্ষ) টাকা (ভ্যাট ও আয়কর ব্যতিত) বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ সীমার মধ্যে ব্যয় রেখে বাছাই কমিটি কর্তৃক গৃহীত প্রকল্প " ইউনিয়ন উপস্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মেডিকেল সরঞ্জাম সরবরাহের" জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়।<br><table><tr><th>উপপ্রকল্পের নাম</th><th>প্রস্তাবিত বাজেট</th><th>ভ্যাট</th><th>আয়কর</th><th>সর্বমোট ভ্যাট ও আয়করসহ</th></tr><tr><td>ইউনিয়ন উপস্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মেডিকেল সরঞ্জাম সরবরাহ</td><td>১০,০০,০০০/-</td><td>১,৮২,৯২৭/-</td><td>৩৬,৫৮৫/-</td><td>১২,১৯,৫১২/-</td></tr></table><br>উক্ত প্রকল্পটি উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের সুপারিশ করে প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানান।<br><br>উপজেলা নির্বাহী অফিসার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোট কেন্দ্রের রাস্তা মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</td><td>(ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে অবকাঠামো উন্নয়নের জন্য উপজেলার "ইউনিয়ন উপস্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মেডিকেল সরঞ্জাম সরবরাহের" জন্য ভ্যাট ও আয়কর সহ মোট ১২,১৯,৫১২/- টাকা অনুমোদনের জন্য প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সকল ইউনিয়নে ভোট কেন্দ্রে যাওয়ার রাস্তা মেরামত করতে হবে।</td><td>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল।<br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td></td><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোট কেন্দ্রের স্কুলসমূহ মেরামত করা হয়েছে। তিনি জানান আগামী ০৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ লক্ষীগঞ্জ, বাদেদুধকোরা ও চাপাড়কোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনের নিলাম ডাক অনুষ্ঠিত হবে।</td><td>(ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক</td><td>উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকেজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে। | |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের বীজতলার লক্ষ্যমাত্রা হাইব্রিড-৯৮ হেক্টর, উফশী-৯৬৬ হেক্টর, স্থানীয়-০০ হেক্টর মোট ১০৬৪ হেক্টর। বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় হাইব্রিড-২৪৫০ হেক্টর, উফশী-১৯৩৩০ হেক্টর, স্থানীয়-০০ মোট ২১,৭৮০ হেক্টর। বোরো আবাদ কার্যক্রম চলছে। রবি মৌসুমে বিি ফসল আবাদে সুষম সার ব্যবহারের জন্য উপসহকারী কৃষি অফিসারগণ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন।<br><br>তাছাড়া উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে রাসায়নিক সারের মজুদ ভাল। ইউরিয়া-১০১৭ মে. টন, টিএসপি-২৬২ মে.টন এমওপি ৫২৩ মে. টন, ডিএপি-১২২৮ মে. টন মজুদ আছে। ডিসেম্বর ২০২৩ মাসে রাসায়নিক সার উত্তোলন কার্যক্রম চলমান রয়েছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ বিসিআইসি ও খুচরা সার বিক্রেতার দোকানে অবস্থান করে কৃষকের মাঝে সরকারের নির্ধারিত মূল্যে সার বিক্রয় মনিটরিং করছে।<br><br>চেয়ারম্যান, ঠাকুরাকোণা ইউপি, সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি সকল ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br><br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) সকল সার ডিলারের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং বিধি মোতাবেক সার ডিলার নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঙ) আগামী মাস হতে ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(চ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-১৯৮০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৫৩৮০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২৮৯৬টি, হাঁস-মুরগীর টিকা মাত্রা ১৯৫৭১টি, হাঁস-মুরগীর চিকিৎসা ১৮৫৭১টি এবং কৃত্রিম প্রজনন-১৪০০ টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির গৃহীত প্রকল্পের কাজ চলমান রয়েছে। তাছাড়া এ উপজেলায় ৩২টি বীর নিবাসের নির্মাণ কাজ চলমান রয়েছে। তাছাড়া কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ইজিপিপিতে অতিদারিদ্রের কর্মসংস্থান কর্মসূচী, টিআ, কাবিখা/কাবিটা বরাদ্দ দ্বারা যথাসম্ভব ভোট কেন্দ্রের রাস্তাগুলো মেরামত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মান কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

<table>
<tr><td></td><td></td><td>(গ) দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে টিআর/ কাবিখা/ ইজিপিপি বরাদ্দ দ্বারা ভোট কেন্দ্রের রাস্তাগুলো মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অত্র দপ্তরের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন এর আওতায় জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে তিনি প্রয়োজনীয় তথ্য দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তাছাড়া অত্র উপজেলার ভাওয়াল বিল এবং কংশ নদ অভয়াশ্রমের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ হতে মেরামত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া রাজস্ব বরাদ্দের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন বাস্তবায়নের জন্য খাদ্য লাইসেন্স নবায়নের প্রক্রিয়া চলমান রয়েছে!<br>চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ সদর উপজেলায় কতটি পুকুরে মৎস্য চাষ করা হচ্ছে তার তালিকা প্রনয়ন করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা অনুরোধ জানান। তালিকা অনুযায়ী ০৭/১৫ দিনে একদিন মৎস্য চাষীদের পুকুর সরেজমিন পরিদর্শন করে পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানান।</td><td>(ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণকে জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারনের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা</td></tr>
<tr><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের বিভাগীয় কাজের অগ্রগতি প্রতিবেদন ঃ
<table>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>জনসংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর পুরুষ সংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা মহিলা</td><td>ইমপ্ল্যান্ট সংখ্যা</td></tr>
<tr><td>৩৮০</td><td>৯০০</td><td>৬০</td><td>১৮০</td><td>৪০৫০</td></tr>
<tr><td>আই ইউ ডি-</td><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>মোট গর্ভবতী</td><td>মোট সেবা গ্রহীতা</td></tr>
<tr><td>৬২০</td><td>৩৫৭৮০</td><td>৪৭৬৬</td><td>২৮৭৫</td><td>৬২০</td></tr>
</table></td><td>(ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে টানানোর সিদ্ধান্ত হয়।</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>সমাজ সেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা জানান কে-গাতী, সিংহের বাংলা, আমতলা ও মৌগাতী ইউনিয়ন থেকে মৃত ভাতাভোগী প্রতিস্থাপনের জন্য তথ্য পাওয়া গেছে। তিনি বাকী ০৮টি ইউনিয়ন থেকে মৃত ভাতাভোগী প্রতিস্থাপন করে ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, ৩১ নভেম্বর পর্যন্ত লাইভ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে লাইভ ভেরিফিকশনের কে-গাতী ইউনিয়নের ২১৩ জন বয়স্ক ও ১৩২ জন বিধবা ভাতাভোগী এখনো অনুপস্থিত। মেদনী ইউনিয়নের ০৯ জন বয়স্ক ও ০৩ জন বিধবা ভাতাভোগী অনুপস্থিত আছেন। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার, সদর, নেত্রকোণা<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (গ) যে সকল ইউনিয়ন মৃত ভাতা ভোগী প্রতিস্থাপনের তথ্য প্রদান করেননি আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br>(ঘ) অনুপস্থিত ভাতাভোগীর ২য় কিস্তির পে-রোল স্থগিত রেখে অধিকতর অনুসন্ধানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৯. | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান ২০২৩-২০২৪ চক্রের অক্টোবর/২০২৩ মাসের ভিডব্লিউবি নেত্রকোণা সদর উপজেলার ডিও জারী করা হয়েছে। ২০২১-২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজলার ১২টি ইউনিয়ন ও নেত্রকোণা পৌরসভার ভাতাভোগীদের জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে। নেত্রকোণা সদর উপজেলার মা ও শিশু সহায়তা কর্মসূচির ডিসেম্বর/২০২৩ মাসের তালিকা দেয়ার জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান নেত্রকোণা সদর উপজেলায় ১২টি ইউনিয়নে ১২টি কিশোর-কিশোরী ক্লাব চালু আছে। সকল ইউপি চেয়ারম্যানকে ক্লাবগুলো পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। | (ক) বিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরী ভিত্তিতে পূরণ করতে হবে।<br><br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১০ | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া তিনি আরো জানান জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদর উপজেলা কার্যালয়ের অফিস ভবন ও গোডাউন ভবনটি দীর্ঘদিন যাবৎ জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী অবস্থায় রয়েছে। যে কোন সময় ভবনটি ধবসে পড়ার আশংকা রয়েছে। তাই উক্ত ভবন ০২ টি নিলামে বিক্রয় করা জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কর্তৃক প্রস্তুতকৃত পার্ট-১ = ১,৬৩,৫৫৪.০০ টাকার প্রাক্কলনের মধ্যে ভবন ভাংগা ৮৭,১৬৮/- খরচ বাদে নীট ৭৬,৩৮৬.০০ নির্ধারণ করা হয়েছে এবং পার্ট-২ = ২,৩৫,৮১৩.০০ টাকার প্রাক্কলনের মধ্যে ভবন ভাংগা খরচ ১,৪২,৮৪৫.০০ বাদে নীট ৯২,৯৬৮/- নির্ধারণ করা হয়েছে। তিনি পুরাতন অফিস ভবন ও গোডাউন ভবনটির নিলাম অনুমোদনের জন্য জেলা কনডেমেশন কমিটিতে প্রেরণের অনুরোধ জানান। তছাড়া তিনি আরো জানান বরাদ্দকৃত ১০০টি গভীর নলকূপের সাইট নির্বাচন না হওয়ায় নলকূপ স্থাপন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। তিনি দ্রুত জায়গা নির্ধারণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | (ক) নলকূপ যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সদর উপজেলা কার্যালয়ের অফিস ভবন ও গোডাউন ভবনটি নিলামে বিক্রয় করা জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কর্তৃক প্রস্তুতকৃত পার্ট-১ = ১,৬৩,৫৫৪.০০ টাকার প্রাক্কলনের মধ্যে ভবন ভাংগা খরচ ৮৭,১৬৮/- বাদে নীট ৭৬,৩৮৬.০০ এবং পার্ট-২ = ২,৩৫,৮১৩.০০ টাকার প্রাক্কলনের মধ্যে ভবন ভাংগা খরচ ১,৪২,৮৪৫.০০ বাদে নীট ৯২,৯৬৮/- সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং ভবনটির নিলাম অনুমোদনের জন্য জেলা কনডেমেশন কমিটিতে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা।<br><br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে,উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প-অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>প্রকল্প (পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৩-২০২৪ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>৫৫ জন</td><td>৬৯১৮জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>০.৮০লক্ষ</td><td>৯১.৭৭ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>৪০</td><td>৩০৭০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>২৫.৮৭ লক্ষ</td><td>১৯৮১.৫০ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৩২.৪০ লক্ষ</td><td>১৬১৮.০৭ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>-</td><td>৪৮ টি</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৪০ টি সমবায় সমিতির মধ্যে ৬০ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। ২০২২-২০২৩ সনে অডিট ফি বাবদ ২৫,০৯০/- এবং ১৫% ভ্যাট বাবদ ৩৭৬৪/- আদায় করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে সম্পাদিত অডিটের ভিত্তিতে সমবায় উন্নয়ন তহিবলে ১১,৪৬২ টাকা আদায় করা হয়েছে।হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে ২১,০০,০০০/- ঘূর্ণায়মান ঋন প্রদান করা হয়েছে এবং বর্তমান মাসে আদায় ১৯০০/- টাকা।</td>
<td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, সরকারিভাবে সরাসরি কৃষকদের নিকট হতে আমন ধান ও চাল সংগ্রহ করা হবে। ধানের প্রতি কেজি সরকারি মূল্য ৩০/- এবং চালের কেজি ৪৬/- নির্ধারণ করা হয়েছে। চালের কেজি ৪৬/- এর স্থলে ৪৪/- হবে। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় কোন কার্ডধারী মৃত্যুবরণ করলে তাদের স্থানান্তর করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওমএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা যুব উন্নয়ন</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান আগামী ০৪ নভেম্বর জাতীয় দিবস উদযাপন করা হবে। সকলকে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। অক্টোবর/২০২৩ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮,৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩,৪৩,৭০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>১৫,৪০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>৭,০০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৪২,৩২,৩৭০/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,৩৫,৩৪,২১২/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৭%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উত্তীর্ন খেলাপী পরিমান</td><td>৬,৭৭,৩৪৯/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>৪০২৫/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>১৬৮১০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৭০ জন</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
</table>

CS CamScanner

<table>
<tr><td></td><td></td><td><table><tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৬০ জন</td></tr><tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২৩৭ জন</td></tr><tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>১৮০ জন</td></tr><tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৫৯১৫ জন</td></tr><tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>৪৪ জন</td></tr><tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪০৪৯ জন</td></tr></table></td><td></td><td></td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, নতুন কারিকুলাম অনুযায়ী ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত শিক্ষকগণের প্রশিক্ষণ ১৭,১৮,২০,২১,২৯,৩০ ও ৩১ ডিসেম্বর/২০২৩ পর্যন্ত হবে। ২০২৩ সালের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, পুরাতন উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মোবাইল নম্বর, ব্যাংক একাউন্ট সংশোধন, শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্তির আবেদন যাচাই-বাছাই এবং জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়ছে।এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ যথারীতি চলছে।</td><td>(ক) প্রতি মাসে ০৩ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন নভেম্বর ২০২৩ মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।<table><tr><th>কার্যক্রমের নাম</th><th>বিতরণের পরিমান</th><th>আদায় যোগ্য</th><th>আদায়</th><th>আদায়ের হার</th></tr><tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>২১৫৫০০০</td><td>২৯,৪৩,৬৩০</td><td>২৮৯৭৩৬৩</td><td>৯৮%</td></tr><tr><td>নারী উদ্যোক্তা</td><td>১১৩০০০০</td><td>১৯২৫০০০</td><td>১৮৭৫৩৪৪</td><td>৯৭%</td></tr><tr><td>উদ্যোক্তা ঋন সেল্প</td><td>৩০,০০০০</td><td>১৯২৪০৩৯</td><td>১৭৯৫৪৯০</td><td>৯৩%</td></tr><tr><td>প্রণোদনা ২য় পর্যায়</td><td>২৬,০০,০০০</td><td>০</td><td>০</td><td>১০০%</td></tr></table></td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>প্রতিনিধি বন বিভাগ জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বৃক্ষরোপনে জাতীয় পুরস্কার প্রদান করা হবে।</td><td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা বন সংরক্ষন অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা-৩৭০ টি, চলতি মাসে মোট সদস্য সংখ্যা-১৫১৩২ জন, চলতি সঞ্চয় জমা ৩.০৫ লক্ষ টাকা, মোট সঞ্চয় ৭৩৬.১১ লক্ষ টাকা, সরকার প্রদত্ত বোনাস ৫২০.১২ লক্ষ টাকা, বিতরণকৃত ঋণের সংখ্যা ২৬,৯৬৯ জন, মাসে ঋণ বিতরণ ৩৯.০৫ লক্ষ টাকা। পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার বিক্রয় ৩.৭৬ লক্ষ টাকা, সম্পদ সহায়তা আদায় ১.০১ লক্ষ টাকা। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সুস্থ থাকার জন্য বাসা-বাড়ী ও প্রতিষ্ঠানের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার অনুরোধ জানান। তিনি জানান বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবার মান ভাল। অসুস্থ হলে হাসপাতালে এসে চিকিৎসা নেওয়ার জন্য অনুরোধ জানান। তাছাড়া তিনি সকল ইউপি চেয়ারম্যানকে কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করার জন্য অনুরোধ জানান।</td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।</td></tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২৩ | আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ | উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান। | সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | - |
| ২৪ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত গত অক্টোবর ২০২৩ মাসের জন্ম মৃত্যু নিবন্ধনের কার্যক্রমের তথ্যাদি পরিশিষ্ট 'গ' সভায় উপস্থাপন করা হয়। | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২৫ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.১১.২০২৩ তারিখ হতে ৩০.১১.২০২৩ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ২২,২৫,৪৯০/- টাকা এবং ব্যয় ৩,১৭,৭৮৭/- টাকা। ব্যাংক স্থিতি ২,২৩,৫৪,৩৪২/- টাকা। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৬ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের নভেম্বর ২০২৩ মাসের আপ্যায়ন,আনুষংগিক বিল,পত্রিকার বিল ও ইন্টারনেট বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে শ্রদ্ধাঞ্জলি বাবদ ফুলের তোড়া এবং উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের সামনে জন্য ফুলের বাগান পরিস্কার পরিচ্ছন্নতার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৭ | বিবিধ-১ | উপজেলা সেচ কমিটির আনুষংগিক ও প্রয়োজনীয় ব্যয় উপজেলা সেচ সংক্রান্ত তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের সেচ সংক্রান্ত তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>বিএডিসি (সেচ) |
| ২৮ | বিবিধ-৩ | গত ১৫ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে মৌগাতী ইউনিয়নে ০১ জন, আমতলা ইউনিয়নে ০১ জন, লক্ষীগঞ্জ ইউনিয়নে ০৫ জন, কাইলাটী ইউনিয়নে ০২ জন, দ: বিশিউড়া ইউনিয়নে ০১জন, চল্লিশা ইউনিয়নে ০২ জন, রৌহা ইউনিয়নে ০২ জন, কে-গাতী ইউনিয়নে ০২ জন এবং মদনপুর ইউনিয়নের ০৩ জন মোট ১৯ জন মহল্লদার নিয়োগ অনুমোদনের জন্য সভায় আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে মহল্লদার উক্ত ১৯ জন মহল্লদারকে নিয়োগ প্রদানের জন্য পার্শ্বে বর্ণিত সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউনিয়নে ১৯ জন মহল্লদারকে নিয়োগ প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১২/২৩

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

CS CamScanner

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০১৪.০০০.০০১.১৯- ৪০৯৯

তারিখ : ২৬ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. উপজেলা..........................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২৬/১২/২৩
(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা